# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ব্রিজ ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর ১৪/২০২২

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ব্রিজ ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর ১৪ /২০২২

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১. | মুখবন্ধ | V |
| | অধ্যায়-১ | |
| ২. | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | **২-৫** |
| ৩. | নির্বাহী সারসংক্ষেপ | **৬** |
| ৪. | শব্দ সংক্ষেপ | **৭** |
| | অধ্যায়-২ | |
| ৫. | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | **৯** |
| ৬. | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | **১০-১৭** |
| | দ্বিতীয় অংশ | |
| ৭. | পরিশিষ্টসমূহ | **১৮-৩১** |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদে ১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন ০৫টি নির্বাহী প্রকৌশলী এবং ৩টি প্রকল্প পরিচালক কার্যালয়ের ব্রিজ ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের কার্যক্রমের উপর স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর হতে নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রির্পোটের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৭টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ স্থানীয় সরকার বিভাগ এর প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ______ বঙ্গাব্দ
১৪/১১/২০২২ খ্রিষ্টাব্দ ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য ঃ** এই রিপোর্ট স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বিভিন্ন নির্বাহী প্রকৌশলী কার্যালয়ের ব্রিজ ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ঃ**

**১। প্রতিষ্ঠান পরিচিতি ঃ**

দেশের আর্থসামাজিক উন্নয়নের উদ্দেশ্য নিয়ে গত শতাব্দির ষাটের দশকে পল্লী পূর্ত কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর যাত্রা শুরু। পরবর্তীতে সত্তরের দশকে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের আওতায় এ কর্মসূচী বাস্তবায়নের জন্য একটি সেল গঠন করা হয়, যা ১৯৮২ সালে উন্নয়ন বাজেটের আওতায় ওয়ার্কস প্রোগ্রাম উইং- এ রূপান্তরিত হয়। ১৯৮৪ সালের অক্টোবরে ওয়ার্কস প্রোগ্রাম উইং রাজস্ব বাজেটের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল ব্যুরো (এলজিইবি) রূপে পুনর্গঠিত হয়। ১৯৯২ সালের আগস্ট মাসে এলজিইবিকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) নামকরণ করে সরকারের একটি পূর্ণাঙ্গ অধিদপ্তর হিসেবে উন্নীত করা হয়।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) দেশব্যাপী পল্লী অবকাঠামো উন্নয়নের জন্য সরকারি সংস্থা। এলজিইডি স্থানীয় অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থা প্রসারের মাধ্যমে দেশে কৃষি ও অকৃষি খাতে উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি,আর্থসামাজিক উন্নয়ন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের পরিচালন ব্যবস্থার উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসসহ পল্লী ও নগর উন্নয়নে শক্তিশালী ভিত নিশ্চিত করছে। বাংলাদেশে গ্রামীণ যোগাযোগ নেটওয়ার্ক ও অবকাঠামো উন্নয়নের রূপকার এলজিইডি।

**২। প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম ঃ**

| ক্র: নং | পদনাম | মঞ্জুরীকৃত পদসংখ্যা |
|---|---|---|
| ১ | প্রধান প্রকৌশলী | ১ |
| ২ | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ১৫ |
| ৩ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ৩৪ |
| ৪ | সিনিয়র স্থপতি | ১ |
| ৫ | সিনিয়র সিস্টেম এনালিস্ট | ১ |
| ৬ | সহকারী প্রধান প্রকৌশলী | ১ |
| ৭ | নির্বাহী প্রকৌশলী (পুরঃ) | ১৬০ |
| ৮ | নির্বাহী প্রকৌশলী (মানব সম্পদ) | ৪ |
| ৯ | পরিবেশ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) | ১ |
| ১০ | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | ১০ |
| ১১ | সিস্টেম এনালিস্ট | ১ |
| ১২ | আইন কর্মকর্তা | ২ |
| ১৩ | ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট | ১ |
| ১৪ | স্থপতি | ১ |
| ১৫ | নগর পরিকল্পনাবিদ | ১ |
| ১৬ | সিনিয়র সহকারী প্রকৌশলী | ৭৬ |
| ১৭ | প্রোগ্রামার | ২ |
| ১৮ | সিনিয়র সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ১ |
| ১৯ | সিনিয়র সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ১ |
| ২০ | উপজেলা প্রকৌশলী | ৪৯১ |

৩। **প্রতিষ্ঠানের কার্যাবলী ঃ**

- গ্রামীণ সড়ক নির্মাণ /পুনঃ নির্মাণ;
- সেতু/ কালভার্ট নির্মাণ / পুনঃ নির্মাণ;
- গ্রোথ সেন্টার/হাটবাজার নির্মাণ;
- ইউপি/উপজেলা কমপ্লেক্স নির্মাণ ও সম্প্রসারণ;
- পানি সম্পদ উপ-প্রকল্প বাস্তবায়ন;
- সাইক্লোন শেল্টার নির্মাণ /পুন:নির্মাণ;
- বৃক্ষরোপণ।

৪। **প্রতিষ্ঠানের Key Performance Indicator ঃ**

- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়ক নির্মিত;
- উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে সেতু/কালভার্ট নির্মিত;
- গ্রোথ সেন্টার/হাটবাজার নির্মিত;
- ইউপি/উপজেলা কমপ্লেক্স নির্মিত ও সম্প্রসারিত;
- সাইক্লোন শেল্টার নির্মিত ও পুনঃ নির্মিত;
- বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়িত।

৫। **প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ ঃ** (ব্রিজ ও কালর্ভাট নির্মাণ সংক্রান্ত)

**(অংকসমূহ হাজার টাকায়)**

| প্রতিষ্ঠানের নাম | অর্থ বছর | বাজেট (সংশোধিত) | প্রকৃত ব্যয় | অব্যয়িত |
|---|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ২০১৯-২০২০ | ৮৫৮১২০০ | ৬৬৭৯৬০০ | ১৯০১৬০০ |

**অডিটের আইনগত ভিত্তি** ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধি ঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়সমূহ ও প্রকল্প মধ্য হতে নির্বাচিত কার্যালয়সমূহ ও প্রকল্পের মাধ্যমে সম্পাদিত ব্রিজ ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত ব্যয় এই নিরীক্ষায় আওতাভুক্ত ছিল।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য**

**১। অডিটের বিষয়বস্তু ঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের বরাদ্দ ও ব্যয়ের উপর কমপ্লায়েন্স অডিট।

**২। অডিট কৌশল ঃ**

- এনটিটির লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যাবলী সর্ম্পকে ধারণা;
- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ;
- গুরুত্বপূর্ণ বিষয়/ ম্যাটেরিয়েলিটি নির্ধারণ;
- ঝুঁকি নিরূপণ ও মূল্যায়ন;
- নিরীক্ষা প্রক্রিয়ার পরিকল্পনা প্রণয়ন;
- নিরীক্ষার সময়কাল এবং অন্যান্য বিষয়াদির উপর ভিত্তি করে সার্বিক নিরীক্ষা কৌশল নিরীক্ষা পরিকল্পনায় অন্তর্ভুক্ত করণ।

**অডিট সময়কাল ঃ ২২/১১/২০২০ খ্রিঃ হতে ২৮/০২/২০২১ খ্রিঃ**

# নির্বাহী সারসংক্ষেপ

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ০৫টি নির্বাহী প্রকৌশলী কার্যালয় (ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ) এবং ০৩টি প্রকল্প (উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্প, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্দ্ধ ১০০ মিটার সেতু নির্মাণ প্রকল্প এবং পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প) এর ব্রিজ ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে ব্যয় ও সম্পাদিত কাজের রেকর্ডপত্র নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

অডিট চলাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলতঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রির্পোটে ০৭টি অডিট অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এতে জড়িত টাকার অঙ্ক ১৮,৪৮,০০,৬৯৫/- (আঠার কোটি আটচল্লিশ লক্ষ ছয়শত পঁচানব্বই) টাকা যা ব্রিজ ও কালভার্ট নির্মাণ সংক্রান্ত মোট বরাদ্দের ২.১৫ শতাংশ। এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ ঃ

- পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ না করা;
- অনুমোদিত ডিজাইন মোতাবেক কাজ না করা;
- ঠিকাদার কর্তৃক গাড়ি সরবরাহ না করা সত্ত্বেও গাড়ি ভাড়া প্রদান করা;
- দরপত্রের শর্ত লঙ্ঘন করে চুক্তি সম্পাদন করা;
- ডিপিপি বহির্ভুত ব্রিজ নির্মাণে অনিয়মিতভাবে বিল পরিশোধ করা;
- রোড ইনভেন্টরীতে প্রদর্শিত রাস্তার চেইনেজ চেয়ে অতিরিক্ত চেইনেজ কাজ সম্পাদন করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ইত্যাদি বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| AIR | Audit Inspection Report |
| BC | Bituminous Carpeting |
| BoQ | Bill of Quantity |
| DPP | Development Project Proposal |
| e-GP | Electronic- Government Procurement |
| HOPE | Head of Procuring Entity |
| ITT | Instractions to Tenderer |
| LGED | Local Government Engineering Department |
| MB | Measurment Book |
| NOA | Notification of Award |
| OSTETM | One Stage Two Envelop Tendering Method |
| PPR | Public Procurement Rules |
| PS | Performance Security |
| PPA | Public Procurement Act |
| RCC | Reinforce Cement Concrete |
| RFP | Request for Proposal |
| SFI | Serious Financial Irregularity |
| TDS | Tender Data Sheet |
| TOS | Tender opening Sheet |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ১. | চুক্তি অনুযায়ী টিআইএন সনদ না থাকা এবং অনিবাসী হওয়া সত্ত্বেও নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের রাজস্ব ক্ষতি। | ৪,৬৫,১১,০৫৪ |
| ২. | ওএসটিইটিএম পদ্ধতিতে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অস্বাভাবিক উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২,৬৫,৬৫,৮৭৩ |
| ৩. | অনুমোদিত ডিজাইনের অতিরিক্ত আয়তনের সিসি ব্লক সরবরাহ দেখিয়ে বিল পরিশোধ করায় সরকারের ক্ষতি। | ৫০,১৫,৪৬৬ |
| ৪. | চুক্তির শর্ত লঙ্ঘনপূর্বক নির্ধারিত আয়তনের অতিরিক্ত আয়তনের সাইট অফিস ও ল্যাবরেটরি নির্মাণ দেখিয়ে বিল পরিশোধের মাধ্যমে সরকারের আর্থিক ক্ষতি। | ৪২,৬৪,৬১৭ |
| ৫. | বাতিলযোগ্য ফামর্কে রেসপনসিভ ঘোষণা করে কনসালটেন্সি নির্বাচনের মাধ্যমে অনিয়মিতভাবে ব্যয়। | ৯,৮৯,৬১,৮৬৭ |
| ৬. | চুক্তির শর্ত মোতাবেক সুপারভিশন কাজে ঠিকাদার কর্তৃক গাড়ি সরবারহ না করা সত্ত্বেও গাড়ি ভাড়া বাবদ বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২০,০০,০০০ |
| ৭. | Mechanical Rotary ব্যবহার করে Pile Boring এর কাজ করা সত্ত্বেও Hydraulic Rotary এর বিল প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৪,৮১,৮১৮ |
| | **সর্বমোট** | **১৮,৪৮,০০,৬৯৫** |

**(কথায়: আঠার কোটি আটচল্লিশ লক্ষ ছয়শত পঁচানব্বই টাকা)**

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

**অনুচ্ছেদ নং-১**

**শিরোনাম : চুক্তি অনুযায়ী টিআইএন সনদ না থাকা এবং অনিবাসী হওয়া সত্ত্বেও নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের ৪,৬৫,১১,০৫৪/- (চার কোটি পয়ষট্টি লক্ষ এগারো হাজার চুয়ান্ন) টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী,পটুয়াখালী জেলা কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরে নির্বাহী প্রকৌশলী ও ম্যাক্স-রেনকিন জয়েন্ট ভেঞ্চার ফার্মের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী টিআইএন সনদ না থাকা এবং অনিবাসী হওয়া সত্ত্বেও নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় দন্ডসুদসহ সরকারের ৪,৬৫,১১,০৫৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে কলাপাড়া উপজেলাধীন কলাপাড়া-বালিয়াতলী- গঙ্গামতী সড়কে বালিয়াতলী আন্দারমানিক নদীর উপর ৬৭৭ মিটার দীর্ঘ পিসি গার্ডার ব্রিজ নির্মাণ কাজের নথি, প্রাক্কলন, কার্যাদেশ সংশোধিত চুক্তিপত্র ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, উল্লিখিত কাজের বাস্তবায়ন সংক্রান্ত চুক্তিপত্র নম্বর- কলা/০১/২০১৩ তারিখ: ২৪/০৮/২০১৬ এবং ১১/০১/২০১৬ খ্রিঃ তারিখের জয়েন্ট ভেঞ্চার গঠন সংক্রান্ত চুক্তিপত্র অনুযায়ী ঠিকাদার ম্যাক্স রেনকিন জয়েন্ট ভেঞ্চার ফার্মের লীড পার্টনার ZHANG XIAO LING ও অপর পার্টনার গোলাম মোহাম্মদ। সে মোতাবেক টিআইএন সনদে পার্টনার হিসেবে উল্লিখিত দুই ব্যক্তির নাম থাকা আবশ্যক। কিন্তু ম্যাক্স-রেনকিন জয়েন্ট ভেঞ্চার ফার্মের টিআইএন সনদ (নম্বর ২৬১৯০৮৯৭৮৪৬৪) অনুযায়ী উক্ত ফার্মের পার্টনার যথাক্রমে গোলাম মোহাম্মদ এবং মোহাম্মদ জয়নাল আবেদীন। এতে প্রমাণিত হয় যে, দরপত্র দাখিলকারী ফার্মের লীড পার্টনার ZHANG XIAO LING উক্ত টিআইএন ধারী নন। ফলে টিআইএন ধারী না হওয়ায় ঠিকাদারি প্রতিষ্ঠান নন-রেসপনসিভ হওয়া সত্ত্বেও তা না করে অনিয়মিতভাবে উক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ প্রদান পূর্বক কাজের বিল পরিশোধ করা হয়েছে। তথাপি নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানটি ১২ ডিজিটের টিআইএন ধারী না হওয়ায় অর্থ আইন ২০১৭ এর মাধ্যমে সংশোধিত আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫২ এর প্রবিসো অনুযায়ী উৎসে কর্তনযোগ্য করের নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ অতিরিক্ত কর প্রদেয় হবে। কিন্তু সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত করের অতিরিক্ত ৫০ শতাংশ কর উৎসে কর্তন করা হয়নি।

অপরদিকে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা-২ এর ক্লজ ৫৫ এর রেসিডেন্ট এর সংজ্ঞা অর্থ আইন ২০১৯ এর মাধ্যমে সংশোধন করে " আয় বৎসরে Hindu undivided family, firm বা other association of persons এর মর্যাদা নিবাসী হতে হলে সংশ্লিষ্ট বছরে এদের নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপনা সম্পূর্ণরূপে বাংলাদেশে পরিচালিত হতে হবে।" যা ২০১৯-২০ অর্থবছর হতে কার্যকর হয়েছে। উক্ত সংজ্ঞা অনুযায়ী আলোচ্য জয়েন্ট ভেঞ্চার প্রতিষ্ঠান অনিবাসী হিসেবে বিবেচিত হলেও নিবাসী হিসেবে আয়কর কর্তন করা হয়েছে। আয়কর অধ্যাদেশ ১৯৮৪, সেকশন-৫৬ এর পরিশিষ্ট ১৭ অনুযায়ী অনিবাসী ঠিকাদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সিভিল ওয়ার্কস এর জন্য কর্তনযোগ্য আয়করের হার ৭.৫%। কিন্তু নিবাসি হিসেবে ৫% হারে আয়কর কর্তন করা হয়েছে। তাছাড়া নির্ধারিত সময়ে উৎসে আয়কর কর্তন এবং সরকারি কোষাগারে জমা প্রদান না করায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর বিধি-১৩ এবং ধারা ৫৭ অনুযায়ী মাসিক ২% হারে দন্ডসুদ আদায়যোগ্য। ফলে ঠিকাদারি ফার্ম এর নিকট হতে আয়কর বাবদ মোট কর্তনযোগ্য ৯,১০,০৪,১৩৮/- টাকা এবং দন্ডসুদ বাবদ ১,২৪,৩৪,৪৫৮/- টাকা সর্বমোট কর্তনযোগ্য (৯,১০,০৪,১৩৮+ ১,২৪,৩৪,৪৫৮) =১০,৩৪,৩৮,৫৯৬/- টাকা কিন্তু কর্তন করা হয়েছে ৫,৬৯,২৭,৫৪২/- টাকা। ফলে আয়কর ও দন্ডসুদ বাবদ কম কর্তন করা হয়েছে (১০,৩৪,৩৮,৫৯৬-৫,৬৯,২৭,৫৪২)=৪,৬৫,১১,০৫৪/- টাকা **[ বিস্তারিত পরিশিষ্ট ১]** । উল্লেখ্য ইতোমধ্যে সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত বিল পরিশোধ করা হলেও আপত্তিকৃত আয়কর কর্তন করা হয়নি।

**অনিয়মের কারণ :** অর্থ আইন ২০১৭ এর মাধ্যমে সংশোধিত আয়কর অধ্যাদেশ ১৯৮৪, ধারা ৫২ এর প্রবিসো ও ধারা-২ এর ক্লজ ৫৫(যা অর্থ আইন ২০১৯ এর মাধ্যমে সংশোধিত), সেকশন-৫৬ এর পরিশিষ্ট ১৭ এবং বিধি-১৩ ও ধারা ৫৭ এর নির্দেশনা লঙ্ঘন ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন তাৎক্ষনিক জবাবে জানানো হয় যে, সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠানের জবাব প্রাপ্তি সাপেক্ষে অডিট আপত্তির বিষয়ে বিস্তারিত জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, অর্থ আইন ও আয়কর অধ্যাদেশ অনুযায়ী আলোচ্য কাজের নির্বাচিত ঠিকাদারি ফার্মের চুক্তি অনুযায়ী টিআইএন সনদ না থাকায় অতিরিক্ত ৫০% হারে এবং অনিবাসী হিসাবে ৭.৫% হারে আয়কর কর্তন করা আবশ্যক। উল্লিখিত বিষয়ে গত ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষারসুপারিশ :** আপত্তি অনুযায়ী কর্তনযোগ্য আয়কর এবং দন্ডসুদ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-২**

**শিরোনাম : ওএসটিইটিএম পদ্ধতিতে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অস্বাভাবিক উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করায় সরকারের ২,৬৫,৬৫,৮৭৩/- ( দুই কোটি পঁয়ষট্টি লক্ষ পঁয়ষট্টি হাজার আটশত তিয়াত্তর) টাকা আর্থিক ক্ষতি ।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন প্রকল্প পরিচালকের কার্যালয়, পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প, আগারওগাঁও, ঢাকা, উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্প, আগারওগাঁও, ঢাকা এবং নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ভোলা এর ২০১৯-২০২০ অর্থবছরে ওএসটিইটিএম পদ্ধতিতে দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে অস্বাভাবিক উর্ধ্বদরে কার্যাদেশ প্রদান করায় সরকারের ২,৬৫,৬৫,৮৭৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে ব্রিজ নির্মাণ কাজের প্রাক্কলন ও সংশ্লিষ্ট কাজের নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, (ক) কক্সবাজার জেলার সদর উপজেলাধীন "রশিদ নগর আরএইচডি হতে খুরশকুল জিসি ভায়া ভারুয়াখালী বাজার সড়কে ৪৭০০ মিটার চেইনেজে ভারুয়াখালী খালের উপর ৩৯২ মিটার ব্রীজ নির্মাণ (রোড আইডিঃ ৪২২২৪২০০৪)", (খ) রাজবাড়ী জেলার কালুখালী উপজেলার গঙ্গানন্দপুর হিরুমোল্লা মাট-পদ্মানদী সড়কে ৯৬ মিটার আরসিসি ব্রিজ নির্মাণ (UBUURP/W-347) এবং (গ) ভোলা জেলার লালমোহন উপজেলাধীন নাজিরপুর-পশ্চিমচর উমেদ ভায়া ফরাজগঞ্জ ইউপি সড়কে ৩৮০০ মিটার চেইনেজে ২০২ মিটার পিসি এবং আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ কাজ পিপিএ এর ধারা ৩১(৩) অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সর্বোচ্চ ১০% উর্ধ্বদরে সম্পাদনযোগ্য। কিন্তু বর্ণিত ব্রিজসমূহের নির্মাণ কাজ অস্বাভাবিক উর্ধ্বদরে দরপত্র গ্রহণের লক্ষ্যে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে (ওএসটিইটিএম) ৪১,৭৪,৩১,৮০৭/- টাকা প্রাক্কলিত মূল্যের কাজসমূহকে অর্থাৎ (ক) এর ক্ষেত্রে ১৪.৬৫৪%, (খ) এর ক্ষেত্রে ১৩.৮৭% এবং (গ) এর ক্ষেত্রে ৩৪.৯৮% উর্ধ্বদরে ৪৮,৫৭,৪০,৮৬০/- টাকায় দরপত্র অনুমোদনপূর্বক কাজগুলো বাস্তবায়ন করায় সরকারের ৬,৮৩,০৯,০৫৩/- টাকা আর্থিক ক্ষতি করা হয়েছে।

পিপিআর ২০০৮ এর বিধি ৮৪(ক) (১) অনুযায়ী টার্ন-কী চুক্তি বা বৃহদাকার প্লান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির (যথা- প্রক্রিয়াকরণ স্থাপনা সরবরাহ, স্থাপন এবং চালুকরণ বা বৃহদাকার কার্য বা যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত চুক্তি ইত্যাদি) ক্ষেত্রে একধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (ওএসটিইটিএম) প্রযোজ্য। কিন্তু এক্ষেত্রে আলোচ্য কাজগুলো বর্ণিত প্রকৃতির না হওয়ায় এবং উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সম্পাদনযোগ্য হওয়া সত্ত্বেও ওএসটিইটিএম পদ্ধতির সুযোগ গ্রহণ করে ১৩.৮৭%, ১৪.৬৫৪% ও ৩৪.৯৮% উর্ধ্বদরে দরপত্র অনুমোদন করায় সরকারের ৬,৮৩,০৯,০৫৩/-টাকা আর্থিক ক্ষতি করা হয়েছে । এক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করা হলে পিপিএ, ২০০৬ এর ধারা ৩১(৩) অনুযায়ী প্রাক্কলিত মূল্য অপেক্ষা ১০% এর অতিরিক্ত বেশি দর হওয়ার কারণে দরপত্র বাতিলযোগ্য ছিল। OSTETM এর সুযোগ গ্রহণের মাধ্যমে অস্বাভাবিক উর্ধ্বদরে দরপত্র অনুমোদন করায় সরকারের ২,৬৫,৬৫,৮৭৩/- টাকা আর্থিক ক্ষতি করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-২]**।

**অনিয়মের কারণ :** পিপিআর ২০০৮ এর বিধি ৮৪(ক) (১) এবং পিপিএ ২০০৬ ৩১ (৩) এর শর্তসমূহ লঙ্ঘন ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন তাৎক্ষনিক জবাবে জানানো হয় যে, কাজটি HOPE কর্তৃক OSTETM পদ্ধতিতে অনুমোদিত হওয়ায় ৩য় বার দরপত্র আহ্বানপূর্বক ঠিকাদার নিয়োগ করা হয়।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, পিপিআর এর বর্ণিত বিধি অনুযায়ী আলোচ্য কাজটি ওটিএম পদ্ধতিতে সম্পাদনযোগ্য হলেও অস্বাভাবিক উর্ধ্বদরে দরপত্র গ্রহণের জন্য OSTETM পদ্ধতি এর সুযোগ গ্রহণ করা হয়েছে। উল্লিখিত বিষয়ে গত ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** অস্বাভাবিক উর্ধ্বদরে দরপত্র অনুমোদনের মাধ্যমে ক্ষতিসাধনকৃত অর্থ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায়যোগ্য।

**অনুচ্ছেদ নং-৩**

**শিরোনাম : অনুমোদিত ডিজাইনের অতিরিক্ত আয়তনের সিসি ব্লক সরবরাহ দেখিয়ে বিল পরিশোধ করায় সরকারের ৫০,১৫,৪৬৬/- (পঞ্চাশ লক্ষ পনের হাজার চারশত ছেষট্টি) টাকা ক্ষতি।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, ভোলা জেলা কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরে অনুমোদিত ডিজাইনের অতিরিক্ত আয়তনের সিসি ব্লক সরবরাহ দেখিয়ে বিল পরিশোধ করায় সরকারের ৫০,১৫,৪৬৬/- টাকা ক্ষতি করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন সুলতানের খেয়াঘাট হতে মায়ানদী দুলারহাট সড়কে ৭৩০ মিটার চেইনেজে ৩৫০.৪০ মিটার পিসি গার্ডার ব্রিজ নির্মাণ কাজের অবশিষ্ট অংশের কাজের ডিজাইন, প্রাক্কলন, কার্যাদেশ, চুক্তিপত্র এবং বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, ডিপিপিতে সংস্থানকৃত ব্রিজের কোন ডিজাইন না থাকায় প্রাক্কলন প্রণয়নের পূর্বে এলজিইডির ডিজাইন ইউনিট কর্তৃক প্রস্তুতকৃত ও অনুমোদিত ডিজাইন মোতাবেক ব্রিজের এপ্রোচ সড়কের প্রতিরক্ষা কাজে ৪০০এম.এম× ৪০০এম.এম×১০০ এম.এম সাইজের সিসি ব্লক সরবরাহ ও স্থাপন করার কথা। কিন্তু চুক্তির অন্তর্ভুক্ত বিওকিউতে ৪০০এম.এম× ৪০০এম.এম× ১৫০ এম.এম সাইজের ৬০১৮৮টি সিসি ব্লক প্রস্তুত ও সরবরাহ দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে।

পরিশোধিত বিলের আইটেম নং-১০ পর্যালোচনায় দেখা যায়, ৪০০এম.এম×৪০০এম.এম×১০০এম.এম সাইজের (সম সংখ্যক) ব্লক স্থাপনের জন্য ০.৪মি×০.৪মিঃ× ০.১মি× ৬০১৮৮= ৯৬৩.০০৮ ঘন মিটার এর শ্রমিক মজুরী পরিশোধ করা হয়েছে। এতে প্রমাণিত হয় যে, ৪০০মিমি× ৪০০মিমি×১০০মিমি সাইজের ব্লক সরবরাহ ও স্থাপন করা হয়েছে। সে মোতাবেক ৪০০মিঃমিঃ×৪০০মিঃমিঃ×১০০মিঃমিঃ সাইজের ব্লক প্রস্তুত ও সরবরাহের জন্য ঠিকাদারকে বিল পরিশোধ করা উচিত ছিল। কিন্তু এক্ষেত্রে ৪০০এম.এম×৪০০এম.এম×১০০ এম.এম সাইজের প্রতিটি ব্লকের বিভাগীয় সিডিউল মূল্য ১৩১.৬৭ টাকার স্থলে ৪০০এম.এম× ৪০০এম.এম×১৫০ এম.এম সাইজের সিসি ব্লক এর নির্ধারিত প্রতিটির মূল্য ২১৫.০০১ টাকা হিসেবে বিল পরিশোধের মাধ্যমে সরকারের ৫০,১৫,৪৬৬/- টাকা ক্ষতি করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৩]**।

**অনিয়মের কারণ :** অনুমোদিত ডিজাইন অনুসরণ না করে অতিরিক্ত বিল পরিশোধ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন তাৎক্ষনিক জবাবে জানানো হয় যে, প্রাক্কলনের সাথে কাজটির মিল আছে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, প্রাক্কলনের সাথে কাজের মিল থাকলেও ডিজাইনের সাথে প্রাক্কলন ও কাজের মিল নেই। অনুমোদিত ডিজাইন মোতাবেক ব্রিজ এপ্রোচ সড়কের প্রতিরক্ষা কাজে ৪০০এম.এম× ৪০০এম.এম×১০০ এম.এম সাইজের সিসি ব্লক সরবরাহ ও স্থাপনযোগ্য। সে মোতাবেক সিসি ব্লক স্থাপন বাবদ শ্রমিক মজুরী পরিশোধ করায় প্রমাণিত হয় যে, প্রকৃতপক্ষে ৪০০এম.এম× ৪০০এম.এম×১০০ এম.এম সাইজের সিসি ব্লক সরবরাহ ও স্থাপন করা হলেও বিল পরিশোধ করা হয়েছে ৪০০এম.এম× ৪০০এম.এম×১৫০ এম.এম সাইজের সিসি ব্লকের। উল্লিখিত বিষয়ে গত ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** আপত্তি অনুযায়ী ক্ষতিসাধনকৃত অর্থ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৪**

**শিরোনাম : চুক্তির শর্ত লঙ্ঘনপূর্বক নির্ধারিত আয়তনের অতিরিক্ত আয়তনের সাইট অফিস ও ল্যাবরেটরি নির্মাণ দেখিয়ে বিল পরিশোধের মাধ্যমে সরকারের ৪২,৬৪,৬১৭/- (বিয়াল্লিশ লক্ষ চৌষট্টি হাজার ছয়শত সতের) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী জেলা কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরে নির্বাহী প্রকৌশলী ও ম্যাক্স-রেনকিন জয়েন্ট ভেঞ্চার ফার্মের মধ্যে সম্পাদিত চুক্তির শর্ত লঙ্ঘনপূর্বক নির্ধারিত আয়তনের অতিরিক্ত আয়তনের সাইট অফিস ও ল্যাবরেটরি নির্মাণ দেখিয়ে বিল পরিশোধের মাধ্যমে সরকারের ৪২,৬৪,৬১৭/- টাকা ক্ষতি করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে কলাপাড়া উপজেলাধীন কলাপাড়া-বালিয়াতলী-গঙ্গামতী সড়কে বালিয়াতলী আন্দারমানিক নদীর উপর ৬৭৭ মিটার দীর্ঘ পিসি গার্ডার ব্রিজ নির্মাণ কাজের প্রাক্কলন, কার্যাদেশ, চুক্তিপত্র ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, ৬৭৭ মিটার দীর্ঘ পিসি গার্ডার ব্রিজ নির্মাণ কাজের সাইট অফিস ও ল্যাবরেটরি নির্মাণ সংক্রান্ত আইটেম ২ টির বিপরীতে ২০০ বঃমিঃ ও ৮০ বঃমিঃ এর স্থলে ৩৩৩.৮৫৯ বঃমিঃ ও ১২৫.৭০৩ বঃমিঃ আয়তনের সাইট অফিস ও ল্যাবরেটরি নির্মাণ কাজ দেখিয়ে ৬১,৯৪,৭৫৪/- টাকা ও ৪৮,৯৮,১৪৩/- টাকা মোট ১,১০,৯২,৮৯৭/- টাকা পরিশোধ করা হয়েছে। কাজের চুক্তি সংশ্লিষ্ট বিওকিউ এর পার্ট- এ ও বি এর আইটেম নম্বর ১ ও ১১ এর মাধ্যমে ২০০ বঃমিঃ আয়তনের ইঞ্জিনিয়ার সাইট অফিস ও ৮০ বঃমিঃ আয়তনের সাইট ল্যাবরেটরি নির্মাণ এর বিপরীতে ৩৭,১১,০০০/- টাকা ও ৩১,১৭,২৮০/- টাকা সর্বমোট ৬৮,২৮,২৮০/- টাকা পরিশোধযোগ্য ছিল। এক্ষেত্রে নির্মিত ইঞ্জিনিয়ার সাইট অফিস ও সাইট ল্যাবরেটরির আয়তন অবাস্তবভাবে বৃদ্ধি দেখিয়ে ঠিকাদারকে অতিরিক্ত (১,১০,৯২,৮৯৭-৬৮,২৮,২৮০)= ৪২,৬৪,৬১৭/- টাকা পরিশোধের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতিসাধন করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৪]**।

১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখের পরিমাপ অনুযায়ী সাইট অফিস ও সাইট ল্যাবরেটরির আয়তন ২০০ বঃমিঃ ও ৮০ বঃমিঃ হিসেবে বিল পরিশোধ করা হয়েছে। ৩০/১২/২০২০ খ্রিঃ তারিখে ব্রিজ নির্মাণ কাজ সমাপ্ত হলেও এর ০৯মাস পূর্বে অর্থাৎ ২১/০৩/২০২০ খ্রিঃ তারিখে কোন প্রকার যৌক্তিক কারণ ছাড়াই সাইট অফিস ও সাইট ল্যাবরেটরির আয়তন বর্ধিত আকারে ৩৩৩.৮৫৯ বঃমিঃ ও ১২৫.৭০৩ বঃমিঃ দেখিয়ে বিল পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে, বাস্তব যাচাইকালে দেখা যায় কাজের শুরুতেই নির্মিত সাইট অফিস ও ল্যাবরেটরির আয়তনের কোন বৃদ্ধি করা হয়নি । ফলে পূর্বে নির্মিত আয়তনের উপর ভিত্তি করে বর্ণিত স্থাপনাসমূহের বিল পরিশোধ করা উচিত ছিল।

**অনিয়মের কারণ :** চুক্তির/ বিওকিউ এর পার্ট- এ ও বি এর আইটেম নম্বর ১ ও ১১ অনুযায়ী কাজ বাস্তবায়ন না করে বিল পরিশোধ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন তাৎক্ষনিক জবাবে জানানো হয় যে, অনুমোদনকৃত সংশোধিত প্রাক্কলন মোতাবেক বিলের দাবি মিটানো হয়েছে, কোন অতিরিক্ত আয়তনের জন্য বিল দেয়া হয়নি।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, কাজ সমাপ্তির পূর্বমুহূর্তে বর্ণিত সাইট অফিস ও সাইট ল্যাবরেটরির আয়তন অবাস্তবভাবে বৃদ্ধি দেখিয়ে সংশোধিত প্রাক্কলন প্রণয়ন ও অনুমোদনের বিষয়টি গ্রহণযোগ্য নয়। এছাড়া জবাব অনুযায়ী সংশোধিত প্রাক্কলন/চুক্তি স্বাক্ষর করা হয়েছে ১২/০৮/২০২০ খ্রিঃ তারিখে কিন্তু বর্ধিত আয়তনের বিল পরিশোধ করা হয়েছে ২১/০৩/২০২০ খ্রিঃ তারিখে। ফলে ইঞ্জিনিয়ার সাইট অফিস ও ল্যাবরেটরির আয়তন অবাস্তব এবং অননুমোদিতভাবে বৃদ্ধি দেখিয়ে বিল পরিশোধ করা হয়েছে। উল্লিখিত বিষয়ে গত ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** আপত্তিতে উল্লিখিত অতিরিক্ত পরিশোধিত অর্থ দায়ী ব্যক্তিবর্গের নিকট থেকে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৫**

**শিরোনাম : বাতিলযোগ্য ফামর্কে রেসপনসিভ ঘোষণা করে কনসালটেন্সি নির্বাচনের মাধ্যমে অনিয়মিতভাবে ৯,৮৯,৬১,৮৬৭/-(নয় কোটি উননববই লক্ষ বাষট্টি হাজার একশত সাতষট্টি ) টাকা ব্যয়।**

**বিবরণ :** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের(এলজিইডি) নিয়ন্ত্রণাধীন প্রকল্প পরিচালক, "উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্দ্ধ ১০০ মিটার সেতু শীর্ষক প্রকল্প'' আগারগাঁও, ঢাকা কার্যালয়ে ২০১৯-২০ আর্থিক বছরে বাতিলযোগ্য প্রস্তাব রেসপনসিভ ঘোষণা করে কনসালটেন্সি ফার্ম নির্বাচনের মাধ্যমে অনিয়মিতভাবে ৯,৮৯,৬১,৮৬৭/- টাকা ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে কনসালটেন্সি ফার্ম নিয়োগ সংক্রান্ত নথি, টেন্ডার ডকুমেন্টস ও সংশ্লিষ্ট রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, "উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ্ব ১০০ মিটার সেতু শীর্ষক প্রকল্প'' এর আওতায় সেতু নির্মাণের লক্ষ্যে ডিজিটাল টপোগ্রাফিক্যাল সার্ভে, সাব-সয়েল ইনভেস্টিগেশন, ডিটেইল স্ট্রাকচারাল ডিজাইন ও ড্রইং, বিস্তারিত ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন পরিকল্পনা, ব্যয় প্রাক্কলন ও টেনডার ডকুমেন্টস প্রস্তুতের জন্য পরামর্শক প্রতিষ্ঠান (কনসালটেন্সি ফার্ম) সয়েল এন্ড ফাউন্ডেশন লিঃ এর সাথে ১৬,৯৮,৮৭,০১৭/- টাকার চুক্তি সম্পাদন করা হয় এবং ২০১৯-২০২০ অর্থবছরে তিনটি বিলের মাধ্যমে ৯,৮৯,৬১,৮৬৭/- টাকা পরিশোধ করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৫(ক)]**।

প্রস্তাব মূল্যায়ন কমিটির রিপোর্ট এবং টার্মস অব রেফারেন্স এর ক্রমিক ৫ অনুযায়ী টিম লিডার কাম সিনিয়র ব্রিজ ইঞ্জিনিয়ার এবং ব্রিজ ডিজাইন ইঞ্জিনিয়ারের যথাক্রমে ১২ বছর এবং ৮ বছরের স্পেসিফিক অভিজ্ঞতা উল্লেখ থাকলেও পরামর্শক ফার্মের মূখ্য পরামর্শক হিসেবে উল্লিখিত পদের বিপরীতে দাখিলকৃত টিম লিডার জনাব প্রদীপ কুমার সাহা এবং ব্রিজ ডিজাইন ইঞ্জিনিয়ার-৪ জনাব মোঃ শাহ নেওয়াজ খাঁন এর জীবন বৃত্তান্তে উল্লিখিত অভিজ্ঞতার স্বপক্ষে সংযুক্ত অভিজ্ঞতা সনদের কোন মিল নেই। অর্থাৎ দাখিলকৃত অভিজ্ঞতার সনদে উক্ত দুজন মূখ্য পরামর্শকের নাম উল্লেখ নেই। এতে প্রতীয়মান হয় যে, জীবন বৃত্তান্তে অসত্য তথ্য প্রদান করা হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৫(খ)]**। উদাহরণস্বরূপ, বর্ণিত ইঞ্জিনিয়ারদ্বয়ের জীবন বৃত্তান্তে গুরত্বপূর্ণ ০৯টি ব্রিজ নির্মাণ প্রকল্প এবং কনস্ট্রাকশন অব ২৫ ব্রিজ এন্ড আদার ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট আন্ডার রংপুর ডিভিশন রুরাল ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট প্রজেক্ট এ যথাক্রমে সিনিয়র ব্রিজ ইঞ্জিনিয়ার কাম টিম লিডার এবং ব্রিজ ডিজাইন ইঞ্জিনিয়ার এর কাজের অভিজ্ঞতার উল্লেখ করা হলেও কাজের অভিজ্ঞতা সনদে এর সত্যতা পাওয়া যায়নি। এক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি ১১৮(ঙ) অনুযায়ী জীবন বৃত্তান্ত সঠিক হওয়ার বিষয়টি নিশ্চিত করা হয়নি। পিপিআর ২০০৮ এর বিধি ১১৮(ছ) ও বিধি ১১৯(৪) অনুযায়ী জীবন বৃত্তান্তে অসত্য তথ্য প্রদান করায় সংশ্লিষ্ট ফার্মের দাখিলকৃত প্রস্তাব বাতিলযোগ্য ছিল। কিন্তু তা বাতিল না করে প্রস্তাবটি গ্রহণ করে ১৬,৯৮,৮৭,০১৭/- টাকার চুক্তি সম্পাদন ও পরবর্তীতে ৯,৮৯,৬১,৮৬৭/- টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা গুরুত্বতর অনিয়ম হিসেবে গণ্য।

**অনিয়মের কারণ :** প্রস্তাব মূল্যায়ন কমিটির রিপোর্ট এবং টার্মস অব রেফারেন্স, পিপিআর/২০০৮ এর বিধি ১১৮ (ঙ) ও ১১৮(ছ) এবং বিধি ১১৯(৪) এর লঙ্ঘন ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** নিরীক্ষাকালীন তাৎক্ষনিক জবাবে জানানো হয় যে, EOI এবং RFP এর বর্ণিত শর্ত মোতাবেক এলজিইডি'র সদর দপ্তর পর্যায়ের মূল্যায়ন কমিটি সভা আহবান করে সকল সদস্যদের মতামতের ভিত্তিতে সুপারিশ সহকারে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে যা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হওয়ার পর Consulting Firm নিয়োগ করা হয়। বিধি মোতাবেক দরপত্র মূল্যায়ন করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, Consulting Firm কর্তৃক দাখিলকৃত প্রস্তাব অর্থাৎ মূখ্য পেশাদার পরামর্শকদের (Key professional person) জীবন বৃত্তান্তের সাথে প্রদত্ত অভিজ্ঞতা সনদসমূহের সত্যতা নিশ্চিত করা হয়নি। Consulting Firm কর্তৃক অসত্য তথ্য দাখিল করায় পিপিআর/২০০৮ এর বিধি ১১৮(ছ) এবং বিধি ১১৯(৪) অনুযায়ী উক্ত ফার্মের প্রস্তাব বাতিলযোগ্য ছিল। উল্লিখিত বিষয়ে গত ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখ চূড়ান্ত AIR স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়, গত ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ তাগিদপত্র দেয়া হয় এবং সর্বশেষ ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :** উল্লিখিত অনিয়মের জন্য দায়ী প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৬**

